



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা



www.eedmoe.gov.bd

শিক্ষা ভবন, নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০০১.২০.৩৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৭

১০ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ও অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সেবা সহজীকরণ এর আওতায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রণীত সফটওয়্যার এর মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ইইডি'র ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। ২৮/০২/২০২১ তারিখের মধ্যে তথ্য আপলোড সম্পন্নপূর্বক সফটওয়্যারটি ব্যবহার উপযোগী হবে মর্মে ইতোপূর্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করা হয়েছে।

২.০ মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহের মধ্যে “শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ ও উন্নয়ন উপাত্ত” সংক্রান্ত সফটওয়্যার প্রস্তুতকরণ কর্মসূচিটি অন্যতম। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ০৭/০৩/২০২১ তারিখের মধ্যে সম্পন্নকৃত হালনাগাদ তথ্যের একটি প্রতিবেদন সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী ও মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় কে অবহিত করার নির্দেশনা রয়েছে।

৩.০ এমতাবস্থায়, আগামী ২৮/০২/২০২১ এর মধ্যে সেবা সহজীকরণের লক্ষ্যে মুজিব বর্ষে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচি হিসেবে উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য এ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হল।

৪.০ বিষয়টি অতি জরুরি।

১০-২-২০২১

মো. আরিফুর রহমান

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন: ০২-৯৫৬২৮৫৬

ফ্যাক্স: ০২-৯৫৫৯৩৮০

ইমেইল: ce@eedmoe.gov.bd

বিতরণ :

১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সার্কেল, শিক্ষা প্রকৌশল
অধিদপ্তর(সকল)।

২) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জেলা, শিক্ষা প্রকৌশল
অধিদপ্তর (সকল)।

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০০১.২০.৩৪/১(৫)

তারিখ: ২৭ মাঘ ১৪২৭

১০ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,..... জেলা
- ৫) উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর..... জেলা..... উপজেলা



১০-২-২০২১

মো. আরিফুর রহমান

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)